Great Ormond Street Hospital for Children
NHS Foundation Trust

2021 সালে জানুয়ারী মাসের 12 তারিখে সর্বশেষ

এই লকডাউনের সময় গ্রেট অর্মন্ড স্ট্রিট হসপিটাল (জিওএসএইচ)-এর পরিষেবাসমূহ: শিশু, তরুণ এবং পরিবার সম্পর্কিত তথ্য

যুক্তরাজ্য লকডাউনের আওতাধীন রয়েছে এবং দুর্ভাগ্যবশত এটা আমাদের পরিষেবার উপর প্রভাব ফেলবে। আমরা জানি এটা আপনার জন্য দুশ্চিন্তার বিষয় হবে। গ্রেট অর্মন্ড স্ট্রিট হসপিটালের এই তথ্য আসন্ন সপ্তাহগুলোতে আমরা কিভাবে কাজ করতে থাকব তা ব্যাখ্যা করে- যাতে করে যে সকল শিশু এবং তরুণদের যত্ন এবং চিকিৎসা সবচেয়ে বেশি দরকার তাদের সেটা নিশ্চিত করা যায় এবং নর্থ লন্ডনের অন্যান্য হাসপাতালগুলোতে সহায়তা করা যায় যারা বয়স্ক রোগীদের ক্ষেত্রে অত্যধিক বৃদ্ধির মুখোমুখি হচ্ছে। আমাদেরকে কিছু কঠিন সিদ্ধান্ত গ্রহণ করতে হয়েছিল তবে আমরা আশা করছি আপনি বুঝতে পারছেন কিভাবে আমরা এই কঠিন সময়ে পরিষেবা প্রদান করা যায় তার জন্য কেন আমরা এই পরিবর্তন গুলো করছি।

আমরা বাড়ি থেকে কার্যকরভাবে কাজ করতে পারে এমন কর্মীদের জিজ্ঞাসা করা চালিয়ে যাচ্ছি, এবং নিরাপদে এবং দক্ষতার সাথে কাজ করার উপযুক্ত সরঞ্জাম তাদের নিকট উপলব্ধ করানো নিশ্চিত করার জন্য আমরা প্রচুর বিনিয়োগ করেছি।.

আমরা আমাদের ক্লিনিক্যাল এবং নন-ক্লিনিক্যাল উভয় সকল স্টাফদের জন্য কোভিড-19 টিকা সরবরাহ করছি। আমরা যত তাড়াতাড়ি সম্ভব আমাদের বিশাল সংখ্যক কর্মীদের টিকা দেওয়ার জন্য কাজ করছি – এটা শিশু, যুবক এবং পরিবারগুলো যারা আমাদের পরিষেবাগুলো ব্যবহার করে তাদেরকে সুরক্ষিত করার জন্য আমাদেরকে জন্য সর্বোত্তম সুযোগ প্রদান করে।

অবশ্যই, আমরা এখনো হাসপাতালে আসা প্রত্যেকর নিকটই আমাদের হাত, মুখ এবং স্থান সংক্রান্ত নিয়মগুলো অনুসরণ করার আশা করছি - হ্যান্ড স্যানিটাইসার ব্যবহার করে, ফেস মাস্ক পরা এবং আপনার বাড়ির বাইরের লোকদের কাছ থেকে 2 মিটার দূরত্ব বজায় রাখা।

আমাদের ভিজিটর নীতিমালায় পরিবর্তন

আমাদের হাসপাতালে ভিজিটরদের (সাক্ষাৎকারী) আগমন আরো সীমিত করতে হবে। যদিও আমরা বুঝতে পারি যে এটি পরিবারের পক্ষে কঠিন হবে তবে এটি আপনাকে, আপনার শিশুকে এবং অন্য সবাইকে জিওএসএইচ-এ নিরাপদে রেখে সংক্রমণের ঝুঁকি হ্রাস করতে আমাদের সহায়তা করছে। এটার অর্থ হল এই যে 2021 সালের জানুয়ারী মাসের 12 তারিখ থেকে:

- যদি কোন শিশুর বহির্বিভাগের সাক্ষাৎকার না থাকে তবে শুধুমাত্র একজন পরিচর্যাকারীকে হাসপাতালে প্রবেশের অনুমতি দেওয়া হবে।
- যদি আপনার শিশু একটি ওয়ার্ডে 14 দিন পর্যন্ত অবস্থান করে আমরা তখন শুধুমাত্র

© GOSH NHS Foundation Trust, January 2021

একজন মাতা-পিতা অথবা পরিচর্যাকারীকে শিশুর সাথে থাকার কথা বলছি এবং 15 অথবা তার চেয়ে বেশি সময়ের জন্য অবস্থান করলে আমরা বলছি যে প্রাথমিক পরিচর্যাকারীকে প্রতি সপ্তাহে এক বারের বেশি পরিবর্তন করা যাবে না।

- দুর্ভাগ্যবশত ভাই-বোনেরা দেখা করতে পারবে না।

আমরা জানি এখানে এমন কিছু ব্যতিক্রমী পরিস্থিতি থাকবে যেখানে এই নিয়মগুলো পরিবর্তিত করা দরকার হবে। যদি আপনার পরিবারের পক্ষে এটি মনে হয় তবে দয়া করে আপনার সন্তানের চাহিদা সম্পর্কে সরাসরি আলোচনা করতে আপনার সন্তানের ক্লিনিক্যাল টিমের সাথে যোগাযোগ করুন, যদি আমরা ইতিমধ্যে যোগাযোগ না করে থাকি –কোনটা ব্যতিক্রম সে বিষয়ে তখন তারা সিদ্ধান্ত নেবে যার সমন্বয়বিধান করা যেতে পারে।

বহিরাগত রোগীর সাক্ষাৎকারে পরিবর্তন

ভিডিও বা টেলিফোন কল ব্যবহার করে কীভাবে আমাদের পরিষেবাগুলো - বিশেষকরে বহিরাগত রোগী সাক্ষাৎকারগুলো পরিচালিত হতে পারে সে সম্পর্কে আমরা প্রথম লকডাউন থেকে অনেক কিছু শিখেছি। অনেক পরিবার আমাদের জানান যে তারা মোটামুটি সংক্ষিপ্ত সাক্ষাৎকারের জন্য জিওএসএইচ-এ ঘোরাঘুরিতে দীর্ঘ সময় ব্যয় না করে ইহা কার্যত সহায়ক বলে মনে করেছিল।

আসন্ন সকল বহিরাগত সাক্ষাৎকারগুলো মুখোমুখি আয়োজন করার পরিবর্তে ভার্চুয়ালভাবে নিরাপদে পরিচালনা করা যায় কিনা তা দেখতে আমাদের ক্লিনিক্যাল টিম আসন্ন সকল বহিরাগত সাক্ষাৎকারগুলো পর্যবেক্ষণ করছেন।

যদি আমরা মনে করি যে আপনার সন্তানের নিরাপদে কোন ভিডিও বা টেলিফোনের সাক্ষাৎকার গ্রহণ করতে পারব তবে আপনাকে জানাতে আমরা আপনার সাথে যোগাযোগ করব। অবশ্যই, যদি আপনার সন্তানের রক্ত পরীক্ষা, স্ক্যান বা অন্যান্য পরীক্ষার জন্য জিওএসএইচ-এ আসতে হয় তবে আমরা যতটুকু নিরাপদে করা যায় সেভাবে আমরা এটা করব।

রোগী এবং দিনের বেলায় ভর্তির পরিকল্পনায় পরিবর্তন

আমাদের অনেক বহিরাগত রোগীর সাক্ষাৎকারগুলোকে 'ভার্চুয়াল' সাক্ষাৎকারে পরিবর্তন করার পাশাপাশি, পরের মাস বা আরো পরের জন্য আমরা যে ভর্তিগুলোর পরিকল্পনা করেছিলাম তা মনোযোগ সহকারে দেখতে হয়েছিল। আমাদের ক্লিনিক্যাল দলগুলো প্রতিটি পরিকল্পিত ভর্তি পর্যালোচনা করেছে এবং দুর্ভাগ্যক্রমে কিছুটা আপাতত স্থগিত করতে হয়েছে। আমরা এখনো পর্যন্ত সবাইকে পুনঃনির্ধারিত তারিখটি প্রদান করতে সক্ষম হইনি, তবে অনুগ্রহ করে নিশ্চিত করা হবে, যত তাড়াতাড়ি সম্ভব আমরা আমাদের পরিষেবাগুলো স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে কাজ করতে থাকব।

এই মুহূর্তে যে সকল শিশু এবং তরুণদের আমাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য আমরা পরিকল্পিত ভর্তি অব্যাহত রেখে যাচ্ছি - আমরা এই রোগীদেরকে অগ্রাধিকার 1 এবং অগ্রাধিকার 2 বলে থাকি। এই রোগীগুলো যাদেরকে অদূর ভবিষ্যতে তত্বাবধান করা না হলে ক্ষতির ঝুঁকির মধ্যে পড়ার অধিক সম্ভাবনা রয়েছে। আমরা নর্থ লন্ডন অঞ্চলের অন্যান্য হাসপাতালের 25 বছরের কম বয়সী রোগীদেরকে গ্রহণ করে তাদের সহায়তা করছি যাতে তারা বয়স্ক কোভিড-19 রোগীদের জন্য বেড সংরক্ষণ করে রাখতে পারে। এই মুহূর্তে এনএইচএস-এর উপর তীব্র চাপের কারণে জিওএসএইচ স্টাফের সদস্যরাও তাদেরকে প্রয়োজনীয় বয়স্ক যত্ন সহ সহায়তা করার জন্য এই হাসপাতালগুলোতে কাজ করছেন।

আপনি যাতে পরিকল্পনা অনুসারে জিওএসএইচ থেকে সকল ওষুধ পান আমরা সেটা নিশ্চিত করা অব্যাহত রাখছি। আমাদের ফার্মেসি বিভাগ রয়্যাল মেইল স্পেশাল ডেলিভারির মাধ্যমে ওষুধ পাঠাচ্ছে। আপনার সন্তানের নির্দিষ্ট চাহিদা এবং পছন্দগুলো নিয়ে

© GOSH NHS Foundation Trust, January 2021

আলোচনা করতে আমরা আপনার সাথে যোগাযোগ করব।

টিকাদান

আমরা সরকারের নির্দেশিকার সাথে তাল মিলিয়ে প্রতিদিন শত শত স্টাফদের টিকা প্রদান করছি যাতে আমরা আমাদের রোগী এবং পরিবারকে রক্ষা করতে পারি। উপলব্ধ ভ্যাকসিনগুলো 16 বছরের কম বয়সী শিশু এবং তরুণদের দেওয়ার অনুমতি নেই, তাই বর্তমানে আমাদের রোগীদের ভ্যাকসিন দেওয়ার কোন পরিকল্পনা নেই। যদি এই অবস্থার পরিবর্তন হয় তবে আমরা অবশ্যই আপনাকে জানাব।

আমাদের স্টাফ এবং স্বেচ্ছাসেবীদের সহায়তাদান

কোভিড-19 মহামারী এমন একটি বিষয় যার মুখোমুখি আমরা ইতিপূর্বে কখনো হয়নি এবং প্রতিবন্ধকতার প্রতিটি পরিবর্তনের সাথে সাথে জীবন পরিচালনা করা আরো কঠিন হতে পারে। তাদেরকে আমাদের হেলথ্ এবং ওয়েলবিয়িং হাবে প্রবেশাধিকার দেওয়ার মাধ্যমে আমরা আমাদের স্টাফ এবং স্বেচ্ছাসেবকদের যথাসাধ্য সহায়তা প্রদান করছি যেখানে তারা তাদের প্রয়োজনীয় সহায়তা পেতে পারে এবং যদি ভ্রমণ করা কঠিন হয় তবে জিওএসএইচ-এর কাছাকাছি অবস্থানে আমরা সহায়তা প্রদান করতে পারি।

শিশু, তরুণ এবং পরিবারগুলোকে সহায়তাদান

আমাদের ক্লিনিক্যাল টিম এখনো তাদের তত্ত্বাবধানে শিশু এবং তরুণদের সহায়তা প্রদান করছে। আপনার যদি কোন প্রশ্ন থাকে তবে আপনি এখনো তাদের সাথে স্বাভাবিক উপায়ে যোগাযোগ করতে পারেন অথবা আপনি একবার নিবন্ধিত হয়ে গেলে আপনি মাইজিওএসএইচ-এর মাধ্যমে যোগাযোগ করতে পারেন -আরো তথ্য https://www.gosh.nhs.uk/your-hospital-visit/mygosh লিংকে রয়েছে।

পরিস্থিতি পরিবর্তনের সাথে সাথে আমরা আপনাকে হালনাগাদকৃত তথ্য প্রদান অব্যাহত রাখছি - সর্বশেষ সংবাদ এবং তথ্যের জন্য আমাদের করোনা ভাইরাস (কোভিড-19) হাব-এ লক্ষ্য রাখুন – যা https://www.gosh.nhs.uk/news/coronavirus-covid-19-information-hub লিংকে উপলব্ধ রয়েছে।

আরো তথ্য এবং সহায়তা

দ্য পেশেন্ট এডভাইস এন্ড লিয়াঁজো সার্ভিস (পিএএলএস) টিম যে কোন সমস্যায় ক্ষেত্রে আপনাকে গোপনীয় পরামর্শ এবং সহায়তা প্রদান করবে যা আপনার সামনে জিওএসএইচ-এ পরিদর্শন এবং অবস্থানকালে অপ্রত্যাশিতভাবে উপস্থিত হবে। তাদেরকে 020 7829 7862 নম্বরে কল করুন অথবা pals@gosh.nhs.uk ঠিকানায় মেইল করুন।

© GOSH NHS Foundation Trust, January 2021